

তারিখ: 23/02/2017

**আর বি আই মুম্বই স্থিত সাহেবরাও দেশমুখ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর দণ্ড আরোপ করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)—এর ধারা 47A(1) তৎসহ পঠিত ধারা 46(4) —এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারি করা অন-সাইট এটিএম খোলা সম্পর্কিত নির্দেশবিধি/ নির্দেশিকা লঙ্ঘনের কারণে মুম্বই স্থিত সাহেবরাও দেশমুখ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, - এর উপর ₹ 1.00 লক্ষ (এক লক্ষ টাকা মাত্র)—এর আর্থিক জরিমানা আরোপ করেছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল এবং সেই সম্পর্কিত মৌখিক নিবেদনও রেখেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাব বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং জরিমানা আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনি : 2016-2017/2275

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা